গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা- ১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০১.১৬০.১২. ৯৩৩০

তারিখঃ ১৮/০২/ ১৪৩০ বঙ্গাব্দ
০১/০৬/২০২৩ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে আনুষ্ঠানিক পোশাক ব্যতিরেকে (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এস.আর.ও. নং-২৫ আইন/২০০৪, তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০০৪ খ্রি: (সংশোধিত ০৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি:, ১৮ জুলাই ২০১৯ খ্রি: এবং ১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:); (খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং- ৪৪.০৩,০০০০.১১৪.২৭.০০৩,১২-২৭২, তারিখ: ০৮/১০/২০১২ খ্রি:; (গ) এস.আর.ও নং ৩৬-আইন/২০২১, তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: এবং (ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-স্বঃমঃ(আ-১)/বিবিধ-১১/২০০১-১৩৫, তারিখ: ২৬/০৪/২০১৭ খ্রি: মূলে বিভিন্ন পদবির পোশাকধারী জনবলের জন্য বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে নিম্নোক্ত ৪ (চার) ধরণের পোশাক প্রচলিত রয়েছে। নিম্নোক্ত বিবরণ অনুযায়ী প্রাধিকৃত জনবল যথাযথভাবে পোশাক পরিধান করবেন।

২। **সংশ্লিষ্ট অনুমোদিত পোশাক ও প্রাধিকৃত জনবল।**

| ক্রঃনং | পোশাকের বিবরণ | প্রাধিকৃত জনবল | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | **কম্ব্যাট পোশাক।**<br>• সবুজ ব্যারেট ক্যাপ/কম্ব্যাট ফিল্ড ক্যাপ।<br>• কম্ব্যাট ফুল শার্ট (গ্রীষ্ম কালে হাতা গোটানো)।<br>• সবুজ ওয়েব বেল্ট।<br>• কম্ব্যাট ফুল প্যান্ট।<br>• বুট ডিএমএস।<br>• কম্ব্যাট জ্যাকেট (শীতকালে)। | ক। আনসার ব্যাটালিয়নে কর্মরত (পোশাকধারী) সকল কর্মকর্তা-কর্মচারী।<br>খ। সদর দপ্তরে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর (পোশাকধারী) সকল কর্মকর্তা।<br>গ। আনসার ভিডিপি একাডেমিতে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর (পোশাকধারী) সকল কর্মকর্তা।<br>ঘ। রেঞ্জ দপ্তরে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর (পোশাকধারী) কর্মকর্তা।<br>ঙ। কমান্ড্যান্ট (ভিটিসি), গাজীপুর ও কলাকোপা। | ১। ব্যাটালিয়নে প্রাধিকৃত জনবলের মূল পোশাক হিসেবে বিবেচিত হবে।<br><br>২। বহিরাংগনে ফিল্ড ক্যাপ পরিধান করবেন। |
| ২. | **কর্মকর্তাদের ওয়ার্কিং ড্রেস।**<br>• সবুজ ব্যারেট ক্যাপ।<br>• অনুমোদিত জলপাই রং এর টিসি রিবস্টপ (TC Rib Stop) কাপড়ের হাফ স্লিভ শার্ট। পুরুষ অফিসারদের শার্ট ট্রাউজারের ভিতর টাক (Tuck) ইন থাকবে এবং মহিলা অফিসারদের শার্ট ট্রাউজারের উপর ছেড়ে দেয়া অবস্থায় থাকবে।<br>• কালো ফুল প্যান্ট।<br>• নেমপ্লেট। {উজ্জল সোনালী (Golden) রং এর তামার (Copper) প্লেটের উপর কালো লেখা এবং লেমিনেটেড}।<br>• বেল্ট। {জলপাই সবুজ (Olive Green) রং এর ৩.৫ সেঃ মিঃ চওড়া এবং Buckle-এ আনসার বাহিনীর মনোগ্রাম সংযুক্ত} (পুরুষ)।<br>• কালো রং এর স্যু অক্সফোর্ড।<br>• জলপাই রং এর জ্যাকেট/জার্সি পুলওভার (শীতকালে)। | বাহিনীর প্রথম ও দ্বিতীয় শ্রেণীর (পোশাকধারী) কর্মকর্তা। (ব্যাটালিয়নে কর্মরত কর্মকর্তা ব্যতীত) | মূল পোশাকের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে। |

| ক্রঃনং | পোশাকের বিবরণ | প্রাধিকৃত জনবল | মন্তব্য |
|---|---|---|---|
| ৩. | সাধারণ আনসার পোশাক।<br>• সবুজ ব্যারেট ক্যাপ/অনুমোদিত জলপাই রং এর টিসি কাপড়ের ফিল্ড ক্যাপ।<br>• অনুমোদিত জলপাই রং এর টিসি কাপড়ের ফুল শার্ট (গ্রীষ্ম কালে হাতা গোটানো)।<br>• বুশ শার্ট (মহিলা)<br>• সবুজ ওয়েব বেল্ট।<br>• কালো ফুল প্যান্ট।<br>• বুট ডিএমএস।<br>• জলপাই রং এর জার্সি পুলওভার (শীতকালে)। | ক। সাধারণ আনসার।<br>খ। অংগীভূত আনসার।<br>গ। থানা/উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা।<br>ঘ। মহিলা আনসার। | ১। ব্যাটালিয়ন ব্যতিত অন্য সকল কার্যালয়ের পোশাকধারী জনবলের মূল পোশাক হিসেবে বিবেচিত হবে।<br>২। বহিরাংগনে ফিল্ড ক্যাপ পরিধান করবেন। |
| ৪. | ভিডিপি পোশাক।<br>• মেরুন ব্যারেট ক্যাপ/অনুমোদিত মেরুন রং এর ফিল্ড ক্যাপ।<br>• অনুমোদিত মেরুন রং এর ফুল শার্ট (গ্রীষ্ম কালে হাতা গোটানো)।<br>• শাড়ী (ভিডিপি সদস্যা)।<br>• সবুজ ওয়েব বেল্ট।<br>• কালো ফুল প্যান্ট।<br>• বুট ডিএমএস/কালো পিটি স্যু।<br>• মেরুন রং এর জার্সি পুলওভার (শীতকালে)। | ক। সকল ভিডিপি সদস্য।<br>খ। ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা/দলনেত্রী। | |
| ৫. | শুধুমাত্র ৪৫ বয়সোর্ধ মহিলা কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে বিশেষ পোশাক।<br>• অনুমোদিত জলপাই রং এর শাড়ী।<br>• অনুমোদিত কালো রং এর ব্লাউজ<br>• কালো রং এর পাম্প স্যু । | ১। বাহিনীর প্রথম ও দ্বিতীয় শ্রেণীর (পোশাকধারী) মহিলা কর্মকর্তা। (ব্যাটালিয়নে কর্মরত কর্মকর্তা ব্যতীত)।<br>২। থানা/উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষিকা।<br>৩। মহিলা আনসার। | ১। মূল পোশাকের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।<br>২।মহিলা কর্মকর্তা এবং কর্মচারীগণ স্থান ও সময় বিবেচনায় বিশেষ প্রয়োজনে/ পরিস্থিতিতে উক্ত পোশাক পরিধান করতে পারবেন। |

৩। **সদরদপ্তর, বাংলাদেশ আনসার ভিডিপি একাডেমি, রেঞ্জ কার্যালয় ও ভিটিসিতে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের পোশাক।**
ক। প্রাধিকৃত কর্মকর্তাগণ সপ্তাহে ০২ দিন (রবিবার ও সোমবার) ওয়ার্কিং ড্রেস ও অবশিষ্ট ০৫ দিন (মঙ্গলবার, বুধবার, বৃহস্পতিবার, শুক্রবার ও শনিবার) কম্ব্যাট পোশাক পরিধান করবেন।
খ। প্রাধিকৃত কর্মকর্তাগণ আভিযানিক, প্রশিক্ষণ, পরিদর্শন ইত্যাদি বহিরাংগন কর্মকান্ডে কম্ব্যাট পোশাক পরিধান করবেন।

৪। **জেলা ও উপজেলা কার্যালয়ে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের পোশাক।**
প্রাধিকৃত কর্মকর্তাগণ সপ্তাহে ০৭ দিন (রবিবার, সোমবার, মঙ্গলবার, বুধবার, বৃহস্পতিবার, শুক্রবার ও শনিবার) ওয়ার্কিং ড্রেস পরিধান করবেন।

৫। আভিযানিক কাজে নিয়োজিত ব্যাটালিয়ন সদস্যগণ অপারেশনস্ পরিদপ্তর কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুযায়ী পোশাক পরিধান করবেন।

৬। বাহিনীর মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এবং উপমহাপরিচালকগণ বিভিন্ন দিবস/অনুষ্ঠান ইত্যাদি বিবেচনায় যে কোন পোশাক পরিধান করতে পারবেন।

৭। সদর দপ্তর প্রশাসন শাখা স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০১.১৬০.১২.৭৩৮, তারিখ: ০৯/০৫/২০১৩ খ্রি:, সদর দপ্তর প্রশাসন শাখা স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০১.১৬০.১২.৯০, তারিখ: ২০/০১/২০১৫ খ্রি:, সদর দপ্তর ভাণ্ডার শাখা স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১৮.১৫.১৫৮.১৪.৩৪৯, তারিখ: ১২/০৭/২০১৫ খ্রি: এবং সদর দপ্তর প্রশাসন শাখা স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০১.১৬০.১২.১২৯৪, তারিখ: ২৮/০৫/২০২৩ খ্রি:মূলে জারিকৃত আদেশ এতদ্দ্বারা বাতিল করা হলো।

৮। বর্ণিত নির্দেশনার ব্যত্যয় 'অসদাচারণ' হিসেবে বিবেচিত হবে।

৯। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

Jahanara Akter
1-6-23
জাহানারা আক্তার, বিএএমএস (বার)
বিএভি- ১২০০৭৯
পরিচালক (প্রশাসন)
দুরালাপনীঃ ৪৭২১৪৯২৫

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০১.১৬০.১২. ১৩৩০

তারিখঃ ১৮/০২/১৪৩০ বঙ্গাব্দ
০১/০৬/২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি:

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৩। | কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি , সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৫। | উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.........................রেঞ্জ। | " |
| ৬। | পরিচালক(সকল).......................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৭। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>.........আনসার ব্যাটালিয়ন........................................................ | " |
| ৮। | পরিচালক, মহানগর আনসার ঢাকা ও চট্টগ্রাম। | " |
| ৯। | পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১১। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল)............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৩। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয়,................................................। | আপনার অধীন সকলকে অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৪। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম............। | " |
| ১৫। | ওআইসি, ডিএমপি ২০০০ গ্রুপ, ঢাকা। | " |
| ১৬। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | " |
| ১৭। | সহকারী পরিচালক (সকল)...................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৮। | গণসংযোগ কর্মকর্তা/মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি) /সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৯। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি অত্র বাহিনীর ওয়েব সাইটে প্রচারের জন্য। |
| ২০। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য। |
| ২১। | অফিস ও মাস্টার কপি। | |

Jahanara Akter
1-6-23
পরিচালক (প্রশাসন)

F:\Debashish Ministry\Rank Badge File\র‍্যাংকিং ব্যাজ আদেশ.docx